

Order No- 13  
Date 09.01.2023

অদ্য একতরফা শুনানী ও বিবাদীর জবাব এর সমর্থনে দলিল দাখিলের জন্য দিন ধার্য আছে।

বাদীপক্ষ হাজিরা দাখিল করেছেন। ২/৪/৫ নং বিবাদীপক্ষের বিজ্ঞ কৌসুলি হাজির। বিবাদীপক্ষের বিজ্ঞ কৌসুলি একখানা দরখাস্ত দাখিল করিয়া দরখাস্ত বর্নিত কারনে দলিল দাখিলের নিমিত্ত সময়ের আবেদন করেন। এছাড়া বিজ্ঞ কৌসুলি মৌখিকভাবে অত্র মামলা এক-তরফা হতে উত্তোলন করিয়া দাখিলী জবাব গ্রহনের প্রার্থনা করেন।

বিবাদীপক্ষের দাখিলী সময়ের দরখাস্তে বর্নিত কারন বিশ্বাসযোগ্য ও যৌক্তিক প্রতীয়মান হওয়ায় সময় মঞ্জুর করা হলো।

রেকর্ড হতে দেখা যায়, মামলাটি একতরফার জন্য ধার্য হলেও ইতোমধ্যে ২/৪/৫ নং বিবাদীপক্ষ জবাব দাখিল করেছেন যা নথিভুক্ত রয়েছে। বিবাদীপক্ষ উক্ত জবাব সমর্থনে কোন দলিল দাখিল করেননি। বিবাদীপক্ষ কে আগামী ধার্য তারিখ দলিল দাখিলের সুযোগ প্রদান করিয়া মামলাটি এক-তরফা হতে উত্তোলন করা হলো এবং একইসাথে দাখিলী জবাব গৃহীত হলো।

তবে, মামলাটি ১/৩ নং বিবাদীপক্ষের বিরুদ্ধে এক-তরফা চলিবে।

**পরবর্তীতে**

নথি এ.ডি.আর বিষয়ে শুনানীর জন্য নেওয়া হলো।

বাদীপক্ষের বিজ্ঞ কৌসুলি মৌখিকভাবে নিবেদন করেন যে বিবাদীপক্ষের সহিত এ.ডি.আর মাধ্যমে বিষয়টি নিষ্পন্ন হবার কোনরূপ সম্ভাবনা নেই। বিধায় বাদীপক্ষ বিচারের দিকে অগ্রসরের ইচ্ছা প্রকাশ করেন।

বিবাদীপক্ষের বিজ্ঞ কৌসুলিও নিবেদন করেন যে, মামলাটি এ.ডি আর জন্য ধার্য করিয়া কোন ইতিবাচক ফলাফল লাভের সম্ভাবনা নেই।

উভয়পক্ষের বিজ্ঞ কৌসুলির বক্তব্য শুনলাম ও নথি পর্যালোচনা করলাম।

যেহেতু উভয়পক্ষের বিজ্ঞ কৌশুলি বিরোধীয় বিষয় আপোষ-মীমাংসার মাধ্যমে নিষ্পত্তিতে অনাগ্রহ প্রকাশ করেছেন, সুতরাং অত্র আদালত বিবেচনা করে যে, যদি মামলাটি এডিআর এর উদ্দেশ্যে অগ্রবর্তী করা হয় তাহলে অযথা মূল্যবান সময় নষ্ট হবে এবং বিচার বিলম্বিত হবে। এ.ডি.আর এর কোন সম্ভাবনা না থাকায় এক্ষেত্রে মামলার ইস্যু গঠন করা সমীচীন হবে বলে আমি বিবেচনা করি।

অদ্যই অত্র মামলা ইস্যু গঠনের জন্য নেওয়া হলো।

উভয়পক্ষের বিজ্ঞ কৌশুলি হাজির। নথি পর্যালোচনা করলাম।

উভয়পক্ষের দাখিলীয় আরজি ও জবাব পর্যালোচনা করিয়া বিচার্য বিষয় নির্ধারণ পূর্বক একটি পৃথক শীটে উহা লিপিবদ্ধ করা হলো এবং তা নথির অংশ হিসাবে নথিভুক্ত রাখা হলো।

আগামী ০০/০০/২০২৩ ইং তারিখ দেওয়ানী কার্যবিধির ৩০ ধারা অনুযায়ী তদবির।

-----  
Today is fixed for hearing the petition U/O 11 R 2 C.P.C filed by plaintiffs on 12.03.19.

Hazira filed for plaintiffs. Hazira filed for defendants No. 1 to 4.

Hd. Both sides on petition U/O 11 R 2 C.P.C filed by plaintiffs.

Perused.

By filing the instant petition plaintiffs pray for interrogating defendants No. 1 to 4 on the schedule mentioned points.

No objection raised by contesting defendants.

Considering the nature of the present suit as well as written statement filed by contesting defendants, it appears that the prayer of the plaintiffs is liable to be allowed.

Hence,

it is ORDERED

that the petition U/O 11 R 2 C.P.C filed by plaintiffs on 12.03.19 is allowed on contest.

Fix 03.09.2019 for answer to interrogatories by defendants No. 1 to 4

D/C by me

Md Hasan Zaman  
Senior Assistant Judge  
Boalkhali Assistant Judge Court  
Patiya Chattogram

Md Hasan Zaman  
Senior Assistant Judge  
Boalkhali Assistant Judge Court  
Patiya Chattogram

